

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

THAKURGAON PALLI BIDYUT SAMITY

ISO 9001:2015 Certified

সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও

E-mail: thkpbs@gmail.com

Website: pbs.thakurgaon.gov.bd

Facebook page: facebook.com/thkpbs

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০৭.০২১.২৪ ২৪০০


তারিখঃ ০৮ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
২২ জুন, ২০২৪ খ্রিঃ

বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থ বৎসরের জন্য মিনি ঠিকাদার হিসাবে বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের পূর্বযোগ্যতা নবায়নের বিজ্ঞপ্তি।

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি-এর অধীনে ২০২৪-২৫ অর্থ বৎসরের ১০০-৪১/৪২ এর আওতায় স্বল্প দৈর্ঘ্য বৈদ্যুতিক লাইন নির্মাণ/স্থানান্তর কাজের পূর্বযোগ্যতা নবায়নের জন্য অত্র পবিসের তালিকাভুক্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিম্নে বর্ণিত শর্ত স্বাপেক্ষে বাপবিবোর্ডের নির্ধারিত ফরমে (পবিস নির্দেশিকা ১০০-৫২ অনুযায়ী বাপবিবোর্ড ফরম নং-১০০-৫২-০২ ভার্শন -১) দরখাস্ত আহবান করা যাইতেছে।


শর্তাবলীঃ

- ০১৥ প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে দরখাস্তের মাধ্যমে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতির ক্যাশ শাখায় নবায়ন ফি বাবদ নগদ ২০০০/- (দুই হাজার) টাকা (অফেরত যোগ্য) জমা প্রদান সাপেক্ষে আগামী ০৭/০৭/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত পবিসের সদর দপ্তর ক্যাশ শাখা হতে নির্ধারিত নবায়ন ফরম সংগ্রহ করিতে হইবে;
- ০২৥ বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের হালনাগাদ ঠিকাদারী লাইসেন্স (ক,খ ও গ শ্রেণীর), সুপারভাইজারী সার্টিফিকেট (ক,খ ও গ শ্রেণীর), ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী স্ট্যাটমেন্ট, ব্যবহৃত মজুদ টুলস-এর বিবরণ, লোকবলের তালিকা (অত্র পবিসে লাইন নির্মাণ কাজে নিয়োজিত বাপবিবোর্ডের প্রশিক্ষণপ্রাপ্ত সুপারভাইজার, লাইনম্যানসহ অন্যান্য লোকবল), যানবাহনের তালিকা (ব্লু-বুক, রেজিস্ট্রেশনের কপি সংযুক্ত করিতে হইবে), মালিকানার দলিলাদি, হালনাগাদ আয়কর সনদ এবং মূল্য সংযোজন কর এর রেজিস্ট্রেশন (মূসক-৯.১ অনুযায়ী দাখিলকৃত হালনাগাদ মূল্য সংযোজন কর এর তথ্যাদি সংযুক্ত করিতে হইবে) সত্যায়িত ফটোকপি ১ সেট আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে। মূল কপি আবেদন পত্র যাচাই ও বাছাই এর দিন সঙ্গে আনিতে হইবে;
- ০৩৥ আপনার প্রতিষ্ঠান কয়টি পবিসে সাময়িক/স্থায়ী তালিকাভুক্ত আছে তাহার একটি তালিকা আবেদন পত্রের সহিত দাখিল করিতে হইবে;
- ০৪৥ আবেদন পত্র আগামী ০৯/০৭/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অত্র পবিস সদর দপ্তরের প্রশাসন বিভাগের রিসিভিং শাখায় জমা প্রদান করিতে হইবে;
- ০৫৥ নির্ধারিত তারিখের পর আবেদন পত্র বিক্রয়/গ্রহণ করা হইবে না;
- ০৬৥ বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজে তালিকা ভুক্তি নবায়নের জন্য বাপবিবোর্ডের প্রশিক্ষণ প্রাপ্ত সুপারভাইজার, লাইনম্যান এর মূল সনদ এবং লাইন টুলস ও ব্যক্তিগত টুলস সহ আগামী ১১/০৭/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টার সময় উপস্থিত থাকিতে হইবে;
- ০৭৥ অত্র পবিসে নিযুক্ত বাপবিবোর্ড প্রশিক্ষণপ্রাপ্ত সুপারভাইজার, লাইনম্যান অন্য কোন পবিসে কর্মরত নাই মর্মে অঙ্গিকার থাকিতে হইবে;
- ০৮৥ অসম্পূর্ণ আবেদন পত্র গ্রহণযোগ্য হইবে না;
- ০৯৥ অবশ্যই সত্বাধিকারীর সচল মোবাইল নম্বর ও মেইল এড্রেস উল্লেখ করিতে হইবে;
- ১০৥ অত্র পবিসে স্থায়ী/সাময়িক তালিকাভুক্তির পত্র সংযুক্ত করিতে হইবে;
- ১১৥ পবিস নির্দেশিকা ১০০-৫২ অনুযায়ী নবায়নের মূল্যায়নসহ যাবতীয় কার্যাদি সম্পন্ন করা হইবে;
- ১২৥ কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল আবেদন বাতিল করার অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত;


(মোঃ মাহফুজুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১৥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবোর্ড, রংপুর। | নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ করা হইল।
- ০২৥ নির্বাহী প্রকৌশলী(এসওডি), বাপবিবোর্ড, নীলফামারী।
- ০৩৥ ডিজিএম, কারিগরী/পঞ্চগড়/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রাণীসংকৈল/দেবীগঞ্জ/রুহিয়া, জোনাল অফিস, ঠাপবিস।
- ০৪৥ এজিএম (অর্থ/প্রশাসন), ঠাপবিস।
- ০৫৥ মেসার্স -----।
- ০৬৥ নোটিশ বোর্ড, ঠাপবিস।


(প্রকৌঃ মোঃ আতাউর রহমান)
ডিজিএম (সদর- কারিগর)